প্রথম আলো

তারিখ ... 15 AUG 2016 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ...

### ৩৪তম বিসিএস

# আরও ৪৬০ জনকে নিয়োগের সুপারিশ

নিজস্ব প্রতিবেদক ●

৩৪তম বিসিএসে উত্তীর্ণ আরও ৪৬০ জনকে নিয়োগের সুপারিশ করেছে সরকারি কর্মকমিশন (পিএসসি)। তাঁদের মধ্যে ৪৫০ জনকে মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক হিসেবে এবং ১০ জনকে পরিবেশ ও বন মন্ত্রণালয়ে নিয়োগের সুপারিশ করা হয়েছে। গতকাল রোববার পিএসসির এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এ বিষয়ে জানতে চাইলে পিএসসির চেয়ারম্যান মোহাম্মদ সাদিক গতকাল *প্রথম আলো*কে বলেন, ৩৪তম বিসিএসে উত্তীর্ণ কিন্তু ক্যাডার বা নন-ক্যাডারের প্রথম শ্রেণির পদে সুপারিশ করা যায়নি, এমন আরও ৪৬০ জনকে দ্বিতীয় শ্রেণির পদে নিয়োগের সুপারিশ করা হয়েছে। ৩৪তম বিসিএস থেকে এ নিয়ে দ্বিতীয় শ্রেণিতে ১ হাজার ৫১৭ জনকে নিয়োগ দেওয়া হলো। এর আগে প্রথম শ্রেণির নন-ক্যাডার পদে ৪০৯ জনকে নিয়োগ দেওয়া হয়েছে।

অতীতে আর কোনো বিসিএস থেকে নন-ক্যাডারে এত বিপুল নিয়োগ হয়নি জানিয়ে পিএসসির চেয়ারম্যান বলেন, নন-ক্যাডার বিধিমালা হওয়ার পর ২৮তম থেকে ৩৩তম বিসিএস পর্যন্ত ১ হাজার ৯৫২ জনকে নিয়োগ দেওয়া হয়েছে। আর এবার শুধু ৩৪তম বিসিএস থেকে ১ হাজার ৯২৬ জনকে নিয়োগের সুপারিশ করা হলো।

পিএসসির চেয়ারম্যান বলেন, 'খুব শিগগির ৩৫তম বিসিএসের চূড়ান্ত ফল প্রকাশ করা হবে। ১ সেপ্টেম্বর থেকে ৩৬তম বিসিএসের লিখিত পরীক্ষা শুরু হবে। ৩০ সেপ্টেম্বর ৩৭তম বিসিএসের প্রিলিমিনারি পরীক্ষা।